গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
**ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড**
(মেট্রোরেলের স্বত্বাধিকারী শতভাগ সরকারি মালিকানাধীন প্রতিষ্ঠান)
প্রবাসী কল্যাণ ভবন, লেভেল-১৪
৭১-৭২ পুরাতন এ্যালিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০
www.dmtcl.gov.bd

স্মারক নম্বর: ৩৫.০৫.০০০০.০০২.১১.০০৪.২১-১১৮৫

তারিখ: ২১ আশ্বিন ১৪২৯ বঙ্গাব্দ
০৬ অক্টোবর ২০২২ খ্রিস্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি-০৯

মেট্রোরেলের স্বত্বাধিকারী শতভাগ সরকারি মালিকানাধীন Dhaka Mass Transit Company Limited (DMTCL)-এর নিম্নলিখিত শূন্য পদসমূহ পূরণের লক্ষ্যে পদের পার্শ্বে বর্ণিত কোম্পানির আকর্ষণীয় বেতন গ্রেডে যোগ্যতাসম্পন্ন বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে:

| ক্রমিক নম্বর | পদের নাম | পদ সংখ্যা | কোম্পানির বেতন গ্রেড | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১. | সহকারী ব্যবস্থাপক (রাজস্ব) | ০১ | ৯ | হিসাব বিজ্ঞান অথবা ফিন্যান্স-এ স্নাতকোত্তর এবং ৪ বছর মেয়াদী স্নাতক (সম্মান) ডিগ্রি অথবা ৪ বছর মেয়াদী বিবিএ-তে হিসাব বিজ্ঞান/ফিন্যান্স মেজর এবং এমবিএ। উভয় পরীক্ষায় ৪.০০ স্কেলে ন্যূনতম সিজিপিএ ৩.০০ থাকতে হবে। |
| ২. | সহকারী ব্যবস্থাপক (মার্কেটিং) | ০১ | ৯ | মার্কেটিং অথবা ফিন্যান্স-এ স্নাতকোত্তর এবং ৪ বছর মেয়াদী স্নাতক (সম্মান) ডিগ্রি অথবা ৪ বছর মেয়াদী বিবিএ-তে মার্কেটিং/ফিন্যান্স মেজর এবং এমবিএ। উভয় পরীক্ষায় ৪.০০ স্কেলে ন্যূনতম সিজিপিএ ৩.০০ থাকতে হবে। |
| ৩. | রাজস্ব কর্মকর্তা | ০২ | ১০ | হিসাব বিজ্ঞান অথবা ফিন্যান্স-এ ৪ বছর মেয়াদী স্নাতক (সম্মান) ডিগ্রি অথবা ৪ বছর মেয়াদী বিবিএ-তে হিসাব বিজ্ঞান/ফিন্যান্স মেজর। স্নাতক পরীক্ষায় ৪.০০ স্কেলে ন্যূনতম সিজিপিএ ৩.০০ থাকতে হবে। |
| ৪. | মার্কেটিং অফিসার | ০২ | ১০ | মার্কেটিং অথবা ফিন্যান্স-এ ৪ বছর মেয়াদী স্নাতক (সম্মান) ডিগ্রি অথবা ৪ বছর মেয়াদী বিবিএ-তে মার্কেটিং/ফিন্যান্স মেজর। স্নাতক পরীক্ষায় ৪.০০ স্কেলে ন্যূনতম সিজিপিএ ৩.০০ থাকতে হবে। |
| ৫. | ট্রেন অপারেটর | ২৯ | ১০ | পদার্থবিদ্যা, রসায়ন ও গণিতসহ প্রথম বিভাগে স্নাতক অথবা সমপর্যায়ের সিজিপিএ। |
| ৬. | সেকশন ইঞ্জিনিয়ার (ইলেকট্রিক্যাল) | ১৭ | ১০ | বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড অথবা সরকার অনুমোদিত পলিটেকনিক ইনস্টিটিউট হতে চার বৎসর মেয়াদী ডিপ্লোমা ইন ইলেকট্রিক্যাল টেকনলজি অথবা ডিপ্লোমা ইন ইলেকট্রনিক্স টেকনলজি অথবা সমমানের ডিগ্রি। ডিপ্লোমায় ৪.০০ স্কেলে ন্যূনতম সিজিপিএ ৩.৫০ থাকতে হবে। |
| ৭. | সেকশন ইঞ্জিনিয়ার (সিগন্যালিং এন্ড টেলিকমিউনিকেশন) | ১৯ | ১০ | বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড অথবা সরকার অনুমোদিত পলিটেকনিক ইনস্টিটিউট হতে চার বৎসর মেয়াদী ডিপ্লোমা ইন ইলেকট্রিক্যাল টেকনলজি অথবা ডিপ্লোমা ইন ইলেকট্রনিক্স টেকনলজি অথবা ডিপ্লোমা ইন টেলিকমিউনিকেশন টেকনলজি অথবা ডিপ্লোমা ইন ডাটা টেলিকমিউনিকেশন এন্ড নেটওয়ার্কিং টেকনলজি অথবা ডিপ্লোমা ইন কম্পিউটার সাইন্স এন্ড টেকনলজি অথবা সমমানের ডিগ্রি। ডিপ্লোমায় ৪.০০ স্কেলে ন্যূনতম সিজিপিএ ৩.৫০ থাকতে হবে। |
| ৮. | সেকশন ইঞ্জিনিয়ার [ইলেকট্রিক্যাল (রোলিং স্টক)] | ০৪ | ১০ | বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড অথবা সরকার অনুমোদিত পলিটেকনিক ইনস্টিটিউট হতে চার বৎসর মেয়াদী ডিপ্লোমা ইন ইলেকট্রিক্যাল টেকনলজি। ডিপ্লোমায় ৪.০০ স্কেলে ন্যূনতম সিজিপিএ ৩.৫০ থাকতে হবে। |
| ৯. | সেকশন ইঞ্জিনিয়ার [মেকানিক্যাল (রোলিং স্টক)] | ১১ | ১০ | বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড অথবা সরকার অনুমোদিত পলিটেকনিক ইনস্টিটিউট হতে চার বৎসর মেয়াদী ডিপ্লোমা ইন মেকানিক্যাল টেকনলজি অথবা ডিপ্লোমা ইন পাওয়ার টেকনলজি। ডিপ্লোমায় ৪.০০ স্কেলে ন্যূনতম সিজিপিএ ৩.৫০ থাকতে হবে। |
| ১০. | হিসাবরক্ষক | ০১ | ১৪ | হিসাব বিজ্ঞান অথবা ফিন্যান্স অথবা ব্যবসায় প্রশাসনে ন্যূনতম স্নাতক ডিগ্রি।<br>প্রথম শ্রেণি অথবা ৪.০০ স্কেলে ন্যূনতম সিজিপিএ ৩.০০ থাকতে হবে।<br>এবং<br>সরকার কর্তৃক অনুমোদিত কোন প্রশিক্ষণ প্রতিষ্ঠান হতে কম্পিউটার বিষয়ে কমপক্ষে ৬ মাসের মৌলিক প্রশিক্ষণ থাকতে হবে। বাংলা ও ইংরেজি কম্পিউটার মুদ্রাক্ষরে দক্ষতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে। |

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

<table>
<tr><th>ক্রমিক নম্বর</th><th>পদের নাম</th><th>পদ সংখ্যা</th><th>কোম্পানির বেতন গ্রেড</th><th>শিক্ষাগত যোগ্যতা</th></tr>
<tr><td>১১.</td><td>সহকারী হিসাবরক্ষক কাম ক্যাশিয়ার</td><td>০৪</td><td>১৬</td><td>মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড থেকে বাণিজ্য বিভাগে এইচএসসি। এইচএসসিতে ৫.০০ স্কেলে ন্যূনতম সিজিপিএ ৩.৫০ থাকতে হবে।<br>এবং<br>সরকার কর্তৃক অনুমোদিত কোন প্রশিক্ষণ প্রতিষ্ঠান হতে কম্পিউটার বিষয়ে কমপক্ষে ৬ মাসের মৌলিক প্রশিক্ষণ এবং কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ ও ইংরেজিতে ৩০ শব্দ। প্রতি ৫টি স্ট্রোক একটি শব্দ হিসেবে গণ্য হবে।</td></tr>
<tr><td>১২.</td><td>সেমি স্কিল্ড মেইনটেইনার</td><td>৭৮</td><td>১৬</td><td>এইচএসসি (ভোকেশনাল) ইন মেশিন টুলস অপারেশন এন্ড মেইনটেন্যান্স/ জেনারেল ইলেকট্রিক্যাল ওয়ার্কস/ ইলেকট্রিক্যাল ওয়ার্কস এন্ড মেইনটেন্যান্স/ রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং/ ইলেক্ট্রনিক্স কন্ট্রোল এন্ড কমিউনিকেশন/ অটোমোটিভ/ অটোমোবাইল/ বিল্ডিং মেইনটেন্যান্স এন্ড কন্সট্রাকশন/ ওয়েল্ডিং এবং ফেবরিকেশন অথবা সমমানের ডিগ্রি। এইচএসসি (ভোকেশনাল)-এ ৫.০০ স্কেলে ন্যূনতম সিজিপিএ ৩.০০ থাকতে হবে।</td></tr>
<tr><td>১৩.</td><td>সহকারী স্টোর কিপার</td><td>১</td><td>১৬</td><td>বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড অথবা সরকার অনুমোদিত ভোকেশনাল ইনস্টিটিউট হতে এইচএসসি (ভোকেশনাল) ইন মেশিন টুলস অপারেশন এন্ড মেইনটেন্যান্স অথবা জেনারেল ইলেকট্রিক্যাল ওয়ার্কস অথবা ইলেকট্রিক্যাল ওয়ার্কস এন্ড মেইনটেন্যান্স অথবা সমমানের ডিগ্রি। এইচএসসি (ভোকেশনাল)-এ ৫.০০ স্কেলে ন্যূনতম সিজিপিএ ৩.০০ থাকতে হবে।</td></tr>
<tr><td>১৪.</td><td>টিকেট মেশিন অপারেটর</td><td>৮০</td><td>১৬</td><td rowspan="2">এইচএসসি অথবা সমমান। এইচএসসি/সমমান পরীক্ষায় ৫.০০ স্কেলে ন্যূনতম সিজিপিএ ৩.০০ থাকতে হবে।<br>এবং<br>সরকার কর্তৃক অনুমোদিত কোন প্রশিক্ষণ প্রতিষ্ঠান হতে কম্পিউটার বিষয়ে কমপক্ষে ৬ মাসের মৌলিক প্রশিক্ষণ থাকতে হবে। কম্পিউটার মুদ্রাক্ষরে বাংলা ও ইংরেজিতে দক্ষতা কোম্পানি কর্তৃপক্ষ কর্তৃক যাচাই করা হবে।</td></tr>
<tr><td>১৫.</td><td>কাস্টমার রিলেশন এ্যাসিস্টেন্ট</td><td>৮০</td><td>১৬</td></tr>
<tr><td colspan="2">মোট=</td><td>৩৩০</td><td></td><td></td></tr>
</table>

**শর্তসমূহ:**

১. প্রার্থীকে Dhaka Mass Transit Company Limited (DMTCL)-এর website: www.dmtcl.gov.bd থেকে আবেদন ফরমের নমুনা সংগ্রহ করে আবেদন দাখিল করতে হবে। নিয়োগ বিজ্ঞপ্তিটি DMTCL-এর website: www.dmtcl.gov.bd; সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের website: www.rthd.gov.bd এবং বাংলাদেশ জাতীয় তথ্য বাতায়নের website: www.bangladesh.gov.bd এ পাওয়া যাবে।

২. আবেদনকারীকে অবশ্যই নিম্নলিখিত কাগজপত্রাদি **প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা (কর্মকর্তার নাম ও সীলযুক্ত) কর্তৃক সত্যায়িত** করে আবেদনপত্রের সঙ্গে সংযুক্ত করতে হবে:
   (ক) সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি রঙিন ছবি;
   (খ) জাতীয় পরিচয় পত্রের ছায়ালিপি;
   (গ) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের ছায়ালিপি; এবং
   (ঘ) অভিজ্ঞতার (প্রযোজ্য ক্ষেত্রে) সনদপত্রের ছায়ালিপি।

**৩. শিক্ষাক্ষেত্রে কোনো পর্যায়ে ৩য় শ্রেণী বা সমমানের সিজিপিএ ফলাফল প্রাপ্তদের আবেদন করার প্রয়োজন নেই।**

৪. পরীক্ষার ফি বাবদ **ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড**-এর অনুকূলে ক্রমিক নম্বর-১ থেকে ৯ পর্যন্ত প্রার্থীদের ১,০০০/- (এক হাজার) টাকার এবং ক্রমিক নম্বর-১০ থেকে ১৫ পর্যন্ত প্রার্থীদের ৫০০/- (পাঁচশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) সোনালী ব্যাংকের যে কোনো শাখা হতে করে মূল কপি আবেদনপত্রের সঙ্গে জমা দিতে হবে।

৫. মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা (এসএসসি) বা সমমানের পরীক্ষার সনদপত্রে উল্লিখিত জন্ম তারিখ অনুযায়ী প্রার্থীর বয়স গণনা করা হবে। বয়সের ক্ষেত্রে কোনো এফিডেফিট গ্রহণযোগ্য নয়।

৬. প্রার্থীদের ২৫ মার্চ ২০২০ তারিখে বয়স ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে (সূত্র: জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্মারক নম্বর: ০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০-১৪৯ তারিখ: ২২ সেপ্টেম্বর ২০২২) মুক্তিযোদ্ধার সন্তান এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়সের উর্ধ্বসীমা ৩২ বছর। মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যার ক্ষেত্রে বয়সসীমা ৩০ বছর।

৭. একজন প্রার্থী একই বেতন গ্রেডের কেবলমাত্র ০১(এক)টি পদের বিপরীতে আবেদন করতে পারবেন। প্রার্থী যে পদের জন্যেই আবেদন করুক না কেন সমবেতন গ্রেড ও সমযোগ্যতাসম্পন্ন সকল পদের জন্য আবেদন করেছেন বলে বিবেচিত হবেন।

৮. শুধুমাত্র মেধা তালিকার ভিত্তিতে প্রার্থী নির্বাচন করা হবে।

৯. সরকারী/আধা-সরকারী/স্বায়ত্তশাসিত/কোম্পানি/প্রকল্পে কর্মরত আগ্রহী প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। তবে যাচিত কাগজপত্রাদিসহ অগ্রিম কপিও প্রেরণ করা যাবে।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

১০. খামের উপর বাম দিকে পদের নাম ও নিয়োগ বিজ্ঞপ্তি-৯ উল্লেখ করতে হবে।

১১. ডিএমটিসিএল এর আওতায় বাস্তবায়নাধীন এমআরটি লাইন-৬ প্রকল্পে এবং এর পরামর্শক প্রতিষ্ঠান ও ঠিকাদারী প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে একই শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা থাকা সাপেক্ষে কর্মকালীন সময়ের প্রমাণপত্র দাখিলের শর্তে বয়সসীমা শিথিলযোগ্য।

১২. আবেদনপত্র যাচাই-বাছাইয়ের পর কেবলমাত্র উপযুক্ত বিবেচিত প্রার্থীদের লিখিত পরীক্ষায় অংশ গ্রহণের জন্য ডাকা হবে। শুধুমাত্র লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ব্যবহারিক পরীক্ষার (প্রযোজ্য ক্ষেত্রে) জন্য ডাকা হবে। লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় (প্রযোজ্য ক্ষেত্রে) উত্তীর্ণ প্রার্থীকে মৌখিক পরীক্ষার জন্য ডাকা হবে।

১৩. ক্রমিক নম্বর-৫ পদের প্রার্থী লিখিত ও মৌখিক পরীক্ষায় চূড়ান্তভাবে উত্তীর্ণ হওয়ার পর প্রার্থীকে কোম্পানির নির্ধারিত মনোবিজ্ঞানী/প্রতিষ্ঠান কর্তৃক গৃহিত Psychological Test-এ অংশগ্রহণ করতে হবে।

১৪. ট্রেন অপারেটর এবং স্টেশন কন্ট্রোলার পদ পরস্পর বদলীযোগ্য।

১৫. কোনো পর্যায়ের পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোনো টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৬. চূড়ান্তভাবে মনোনীত প্রার্থীকে কোম্পানির নির্ধারিত চিকিৎসক/চিকিৎসা প্রতিষ্ঠান কর্তৃক স্বাস্থ্য পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

১৭. লিখিত পরীক্ষার সময় প্রয়োজনীয় প্রস্তুতিসহ কলম/পেন্সিল/অন্যান্য প্রয়োজনীয় সরঞ্জাম সঙ্গে আনতে হবে। প্রবেশ পত্রে প্রদত্ত নির্দেশনা এ ক্ষেত্রে প্রযোজ্য হবে।

১৮. মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রার্থীদের সকল মূল সনদ ও জাতীয় পরিচয় পত্র প্রদর্শন করতে হবে।

১৯. আবেদনপত্র যাচাই-বাছাই ও নিয়োগের ক্ষেত্রে কোম্পানি কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে এবং কোম্পানি কর্তৃপক্ষ ইচ্ছা করলে পদ সংখ্যা হ্রাস/বৃদ্ধি করতে পারবে।

২০. যে কোনো বা সকল দরখাস্ত বা নিয়োগ কার্যক্রম বাতিল করার ক্ষমতা কোম্পানি কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

২১. কোম্পানি কর্তৃপক্ষ যে কোনো শর্ত পরিবর্তন বা অতিরিক্ত শর্ত সংযোজন করতে পারবে। কোম্পানি কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগ বিজ্ঞপ্তির আংশিক সংশোধন বা সম্পূর্ণ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

২২. চূড়ান্তভাবে মনোনীত প্রার্থীকে কোম্পানিতে যোগদানের সময় ৩০০/- টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা ও মুচলেকা সম্পাদন করতে হবে।

২৩. কোনো প্রার্থী কোনো তথ্য গোপন করলে বা ভুল/মিথ্যা তথ্য প্রদান করলে অথবা প্রতারণার আশ্রয় নিলে নিয়োগ প্রক্রিয়ার যে কোনো পর্যায়ে কোনো নোটিশ প্রদান ব্যতীরেকে তাৎক্ষণিক প্রার্থীর প্রার্থীতা/নিয়োগ বাতিল করা হবে। অপরাধের ধরন ও মাত্রা বিবেচনায় আবেদনকারীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থাও গ্রহণ করা হবে।

২৪. যে কোনো ধরনের তদবির বা ব্যক্তিগত যোগাযোগ প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য হবে।

২৫. (ক) আবেদনপত্র আগামী **৩১ অক্টোবর ২০২২** তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে ডাকযোগে বা কুরিয়ার সার্ভিসে বা সরাসরি **ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড, প্রবাসী কল্যাণ ভবন, লেভেল-১৪, ৭১-৭২ পুরাতন এ্যালিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০-** এর বরাবরে পৌঁছাতে হবে। নির্ধারিত সময়ের পর প্রাপ্ত কোনো আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

(খ) প্রার্থীকে নিজ বর্তমান ঠিকানা স্পষ্টভাবে ৯" × ৪" আকারের খামের উপরে লিখে বা টাইপ করে উহাতে ১০ টাকা মূল্যমানের অব্যবহৃত ডাক টিকেট লাগিয়ে আবেদনপত্রের সঙ্গে অবশ্যই দাখিল করতে হবে।

২৬. উপরের **ক্রমিক-১ থেকে ক্রমিক-২৪ তে বর্ণিত** শর্তসমূহ পূরণকারী Non-Resident Bangladeshi (NRB) গণও আবেদন করতে পারবেন। এই ক্ষেত্রে প্রার্থীকে Non-Resident Bangladeshi (NRB) হিসেবে প্রমাণপত্রের ছায়ালিপি সংশ্লিষ্ট বাংলাদেশ মিশন হতে সত্যায়িত করে আবেদনের সঙ্গে আবশ্যিকভাবে সংযুক্ত করতে হবে।

২৭. উপরের **ক্রমিক-১ থেকে ক্রমিক-২৫ এ বর্ণিত** শর্তসমূহ পূরণকারী তৃতীয় লিঙ্গের প্রার্থীগণও আবেদন করতে পারবেন।

২৮. পুলিশ ভেরিফিকেশন ফরম DMTCL এর ওয়েবসাইট www.dmtcl.gov.bd-এ পাওয়া যাবে। চূড়ান্তভাবে মনোনীত প্রার্থীকে চাকুরীতে যোগদানের সময় ০৩ (তিন) কপি পুলিশ ভেরিফিকেশন ফরম যথাযথভাবে পূরণ ও স্বাক্ষর করে দাখিল করতে হবে।

২৯. টিকেট মেশিন অপারেটর ব্যতীত অন্যান্য পদে প্রথমে ০২ (দুই) বৎসরের প্রবেশনে (শিক্ষানবিশকাল) নিয়োগ প্রদান করা হবে। শিক্ষানবিশকালে কর্মসক্ষমতা ও দক্ষতা এবং পুলিশ ভেরিফিকেশন সন্তোষজনক না হলে কোনো প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে চাকুরি হতে অব্যাহতি দেয়া হবে। প্রবেশনকাল সফলতার সাথে সম্পন্ন করলে চাকুরী নিশ্চিত করে পরবর্তী ০৫ (পাঁচ) বৎসরের জন্য চুক্তিভিত্তিক নিয়োগ প্রদান করা হবে। ব্যক্তিগত কর্মসক্ষমতা ও দক্ষতা মূল্যায়নের ভিত্তিতে পরবর্তিতে নিয়মিত চাকুরি চুক্তি নবায়ন করা হবে।

৩০. টিকেট মেশিন অপারেটর পদে প্রথমে ০১ (এক) বৎসরের প্রবেশনে (শিক্ষানবিশকাল) নিয়োগ প্রদান করা হবে। শিক্ষানবিশকালে কর্মসক্ষমতা ও দক্ষতা এবং পুলিশ ভেরিফিকেশন সন্তোষজনক না হলে কোনো প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে চাকুরি হতে অব্যাহতি দেয়া হবে। প্রবেশনকাল সফলতার সাথে সম্পন্ন করলে পরবর্তী ০২ (দুই) বৎসরের জন্য চুক্তিভিত্তিক নিয়োগ প্রদান করা হবে।

০৬.১০.২০২২

**(মোহাম্মদ আবদুর রউফ)**
কোম্পানি সচিব
ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড